# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 22-12-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর শুনানি পর্বের প্রথম দফায় প্রায় ৩২ লক্ষ আনম্যাপড ভোটারের শুনানি হবে। প্রায় ১০ লক্ষ আনম্যাপড ভোটারকে আজ থেকে শুনানির নোটিশ পাঠানো শুরু হয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এসআইআর-এর ধাক্কায় বেসামাল হয়ে পড়েছে বলে বিজেপির পক্ষ থেকে মন্তব্য করা হয়েছে।

২) বাংলাদেশে দীপু দাসকে হত্যার ঘটনার প্রতিবাদে আজ রাজ্যের বিভিন্ন জেলায় বিক্ষোভ সমাবেশ।

৩) উত্তর ২৪ পরগণার সন্দেশখালির ন্যাজাটে শেখ শাজাহান মামলার প্রধান সাক্ষী ভোলানাথ ঘোষের গাড়িতে ধাক্কা দিয়ে হত্যার চেষ্টার ঘটনায় মূল অভিযুক্ত ট্রাক চালক আলিম মোল্লাকে ৯ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে।

৪) নিউটাউনের স্বর্ণ ব্যাবসায়ী স্বপন কামিল্যা খুনে অভিযুক্ত রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মনের আগাম জামিন খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৫) সাসপেন্ড হওয়া বিতর্কিত তৃণমূল কংগ্রেস বিধায়ক হুমায়ুন কবীর জনতা উন্নয়ন পার্টি নামে একটি নতুন রাজনৈতিক দল গঠনের কথা ঘোষণা করেছেন।

৬) উত্তুরে বাতাসের প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে তাপমাত্রা নিম্নমুখী।

-----------------------------------------------------------------------------------------------

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর শুনানি পর্বের প্রথম দফায় প্রায় ৩২ লক্ষ আনম্যাপড ভোটারের শুনানি হবে, যারা ২০০২ সালের ভোটার তালিকায় নিজের নাম বা সম্পর্কীত কারো নাম দেখাতে পারেন নি।

এর মধ্যে ১০ লক্ষ আনম্যাপড ভোটারকে আজ শুনানির নোটিশ পাঠানো শুরু হয়েছে।

আগামীকাল থেকেই আরো প্রায় ২২ লক্ষ ভোটারকে নোটিশ পাঠানো হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানানো হয়েছে। উল্লেখ্য এনিউমারেশন পর্বে রাজ্যে ৩১ লক্ষ ৬৮ হাজার ৪২৪ জন আনম্যাপড ভোটারের খোঁজ মিলেছে। আগামী ২৭ ডিসেম্বর থেকে প্রথম দফায় এদেরই শুনানি চলবে। জেলাশাসক, মহকুমা শাসক, বিভিন্ন সরকারি দফতর , স্কুল , কলেজেও শুনানি হবে। তবে মাধ্যমিক পরীক্ষায় বাধা সৃষ্টি করে কোনো শুনানি হবে না বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক স্পষ্ট জানিয়েছেন।

এদিকে লজিক্যাল ডিস্ক্রিপেনসিস বা যুক্তিসঙ্গত অসঙ্গতি রয়েছে যাদের, তাঁদের শুনানি হবে পরের ধাপে। এই নিয়ে কমিশনের গাইড লাইন চাওয়া হয়েছে। প্রত্যেক শুনানি হবে মাইক্রো অবজারভারের নজরদারিতে।

উল্লেখ্য, আগামী ২৪শে ডিসেম্বর নজরুল মঞ্চে দুদফায় ৪ হাজার মাইক্রো অবজারভারের প্রশিক্ষন হবে। এরা সকলেই এরাজ্যের আধিকারিক বলে কমিশন স্পষ্ট জানিয়েছে।

--------------------

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এসআইআর-এর ধাক্কায় বেসামাল হয়ে পড়েছেন বলে বিজেপি মন্তব্য করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ বিধানসভার বাইরে এক সাংবাদিক বৈঠকে বলেন, মুখ্যমন্ত্রী আজ কেন্দ্রীয় সরকারি আধিকারিকদের মাইক্রো অবজার্ভার হিসাবে হিসাবে নিয়োগ নিয়ে সমালোচনা করেছেন। তবে তিন হাজার মাইক্রো অবজার্ভারের মধ্যে একজনও ভিনরাজ্যে কর্মরত থাকলে তিনি নিজে ক্ষমা চাইবেন। কিন্তু নাম দেখাতে না পারলে মুখ্যমন্ত্রীকে ক্ষমা চাইতে হবে বলেও তিনি চ্যালেঞ্জ ছুঁড়ে দেন।

বাইট

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর বিরুদ্ধে মুখ্যমন্ত্রী যে অভিযোগ করেছেন, তার উত্তরে বিরোধী দলনেতা বলেন, এর আগে আরিজ আফতাবের মাধ্যমে নির্বাচন কমিশনের সঙ্গে যে প্রতারণা করা হয়েছিল, বর্তমানে তিনি তা করতে পারছেন না বলে স্বরাষ্ট্রমন্ত্রীর উপর ক্ষোভ প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী। তবে স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে নির্বাচন কমিশনের সরাসরি যোগাযোগ নেই।

তাঁর আরও অভিযোগ, মুখ্যমন্ত্রী রাজ্য নির্বাচন কমিশনের মডেলে নির্বাচন কমিশনকে পরিচালনা করতে চেয়েছিলেন। কিন্তু কমিশন, মুখ্যমন্ত্রীর পছন্দের মাইক্রো অবজারভারদের তালিকা নির্বাচন করেনি।

এদিকে, সিপিআইএম নেতা সুজন চক্রবর্তী, বাম আমলে এসআইআর-এর মাধ্যমে তৃণমূল কংগ্রেসের অনেকের নাম বাদ গেছিল বলে মুখ্যমন্ত্রীর বক্তব্যের বিরোধিতা করেছেন। সাংবাদিকদের তিনি আজ বলেন, ভুয়ো বা মৃত ভোটারদের নাম যেমন তালিকা থেকে বাদ দেওয়ায় দরকার, তেমনি যোগ্যদের নাম যাতে কোনোভাবেই বাদ না পড়ে, তা সুনিশ্চিত করতে হবে।

বাইট

উল্লেখ্য, নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে আজ বিএলএ-দের সঙ্গে বৈঠক করেন মুখ্যমন্ত্রী। সেখানেই রাজ্যকে না জানিয়ে পর্যবেক্ষক নিয়োগের অভিযোগ করেন তিনি। বৈঠকে যেসব বৈধ ভোটারের নাম তালিকায় ওঠেনি, তাঁদের ব্যাপারে বিস্তারিত খোঁজ নিতে বলেছেন তৃণমূল কংগ্রেস নেত্রী। এব্যাপারে BLA-দের আরো বেশী সক্রিয় ও সতর্ক থাকার পরামর্শ দেওয়ার পাশাপাশি প্রয়োজনে ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে খোঁজ নেবার কথাও তিনি বলেছেন।

----------------------

কাজের চাপ বৃদ্ধির অভিযোগে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সামনে BLO অধিকার রক্ষা কমিটির বিক্ষোভঅকে কেন্দ্র করে আজ ধুন্ধুমার বাঁধে। পুলিশ ব্যারিকেড দিয়ে বিক্ষোভকারীদের আটকাতে গেলে, তা তুলে ফেলে দেওয়ারও চেষ্টা করা হয়। কমিশনের দপ্তরের বাইরে কলকাতা পুলিশের ব্যারিকেড’ও আছড়ে ফেলার চেষ্টা করা হয় বলে অভিযোগ। আইন নিজের হাতে না তুলে নেওয়ার ঘোষণা করতে থাকে কলকাতা পুলিশ।

বিক্ষোভকারীদের দাবী, তাঁদের একমাসের ডিউটি দেওয়া হয়েছিল। অথচ এখন একের পর এক কাজ চাপানো হচ্ছে। শিক্ষকরা BLO-র দায়িত্ব পালন করায়, স্কুলের পঠন পাঠন ব্যাহত হচ্ছে।

----------------------

বি এল ও অ্যাপে Delivery of Schedule hearing notice নামে নতুন একটি অপশন সংযোজন করা হয়েছে। হিয়ারিং নোটিশ ভোটারের কাছে পৌঁছেছে তা নিশ্চিত করার জন্যই এই সংযোজন। এই বিষয়ে ভোটকর্মী ও BLO ঐক্য মঞ্চের সাধারণ

সম্পাদক স্বপন মন্ডল বলেছেন, নির্বাচন কমিশন ভোটারদের কাছে নোটিশ পাঠানোকে সুনিশ্চিত করতেই এই অপশন যোগ করেছে বলে মনে করা হচ্ছে।

বাইট

---------------------

বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর অত্যাচারের অভিযোগে কলকাতায় আজ প্রতিবাদ মিছিল করে বিজেপি। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে দলের পরিষদীয় সদস্যরা এবং সাধুসন্ত সমাজ যৌথভাবে এই মিছিলে অংশ নেন। নিজাম প্যালেস থেকে শুরু হয়ে বাংলাদেশ ডেপুটি হাইকমিশনের উদ্দেশ্যে এই মিছিল রওনা হলেও বেকবাগান মোড়ে তাঁদের পথ আটকায় পুলিশ। সেখানে রাস্তায় বসে পড়ে বিক্ষোভ দেখান তারা। বিরোধী দলনেতা জানান, বাংলাদেশে দীপু দাসের হত্যার প্রতিবাদে ২৪ তারিখ সব সীমান্তবর্তী এলাকায় প্রতিকী প্রতিবাদ জানানো হবে। বাংলাদেশের অন্তর্বর্তী সরকার কোন পদক্ষেপ না নিলে, সেদেশে কোন পণ্য রপ্তানী হবেনা এবং ২৬ তারিখ আবারও ডেপুটি হাইকমিশন অভিযান করা হবে বলে তিনি জানান।

প্রদেশ কংগ্রেস'ও আজ একই অভিযোগে কলকাতায় বাংলাদেশের ডেপুটি হাইকমিশনারের কার্যালয়ের বাইরে বিক্ষোভ দেখায়।

---------------------

বাংলাদেশে দিপু দাশ হত্যাকাণ্ডের প্রতিবাদে রাস্তায় নামেন কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুর। বাগদা বিধানসভার গাড়াপোতাই বিজেপির প্রতিবাদ পরিবর্তন যাত্রা থেকে বাংলাদেশের বর্তমান পরিস্থিতি নিয়ে এদেশের প্রধান উপদেষ্টা মোহাম্মদ ইউনুস ও পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে কড়া ভাষায় আক্রমণ করেন বনগাঁ সংসদ তথা

কেন্দ্রীয় মন্ত্রী শান্তনু ঠাকুর। তিনি বলেন মমতা ব্যানার্জী এপারে যেভাবে মৌলবাদকে সমর্থন করছে তাতে ওপারের মৌলবাদ আরো মাথা চারা দিচ্ছে । মৌলবাদ যত বেশি মাথাচাড়া দেবে হিন্দুরা তত অত্যাচারিত হবে । সোমবার গাড়াপোতার কলমবাগান থেকে গাড়াপোতা বাজার পর্যন্ত বিজেপি কর্মী সমর্থকরা প্রতিবাদ পদযাত্রা করেন। সেখানেই শান্তনু সেভেন সিস্টার প্রসঙ্গ তুলে মোহাম্মদ ইউনুসকে তীব্র আক্রমণ করেন।

উত্তর ২৪ পরগনার সীমান্তবর্তী শহর বনগাঁযতেও প্রতিবাদ মিছিলের আয়োজন করা হয়।

শিলিগুড়িতেও বিক্ষোভ কর্মসূচি অনুষ্ঠিত হয়। আজ দুপুরে হিন্দু জাগরণ মঞ্চ,শিলিগুড়ি মহানগরের আহ্বানে বাঘাযতীন পার্ক থেকে শুরু হওয়া একটি প্রতিবাদ র‍্যালি শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তা পরিক্রমা করে বাংলাদেশ ভিসা অফিসের সামনে পৌঁছয়। র‍্যালিতে অংশগ্রহণকারীরা বাংলাদেশে সংখ্যালঘু হিন্দুদের উপর নির্যাতন বন্ধের দাবি তোলেন এবং দিপু দাশ হত্যার দ্রুত বিচার ও দোষীদের শাস্তির দাবি জানানো হয়।

---------------------

বিকশিত ভারতের অধীনে নতুন অধ্যাদেশে কাজের অধিকার বৃদ্ধি করায় খুশি সারা দেশের সঙ্গে নদিয়া জেলার মানুষ জনও। নতুন এই সিদ্ধান্তের ফলে বহু মানুষ আগের তুলনায় বেশি কাজের সুযোগ পাবেন। বৃদ্ধি হবে রোজগার। ইতোমধ্যেই বিকশিত ভারত জি রাম জি প্রকল্পকে ঘিরে সাধারণ মানুষের মধ্যে ব্যাপক আগ্রহ দেখা দিয়েছে। শুরু হয়েছে আলোচনা। অনেকেই এই প্রকল্পের জন্য প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন। অসীম পাঠক নামে এক সুবিধাভোগী বলেছেন, আগে একশো দিনের কাজে তারা ঠিকঠাক টাকা পেতেন না। কিন্তু এখন ১২৫ দিনের কাজ

হওয়ায় টাকার পরিমাণ বাড়বে এবং সরসারি তা ব্যাঙ্ক অ্যাকউন্টে পৌঁছে যাবে বলে আশা প্রকাশ করেন তিনি।

বাইট

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

---------------------

উত্তর২৪ পরগণার সন্দেশখালির ন্যাজাটে শেখ শাজাহান মামলার প্রধান সাক্ষী ভোলানাথ ঘোষের গাড়িতে ধাক্কা দিয়ে হত্যার চেষ্টার ঘটনায় মূল অভিযুক্ত ট্রাক চালক আলিম মোল্লাকে ৯ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। তাকে আজ বসিরহাট আদালতে তোলা হয়। গতরাতে মিনাখাঁ থানা এলাকা থেকে গ্রেপ্তার করা হয় তাকে। এই মামলায় এপর্যন্ত ৫ জনকে গ্রেফতার করা হলো।

বসিরহাটের পুলিশ সুপার মেহেদী হোসেন রহমান বলেছেন, ভোলা ঘোষ হত্যার চেষ্টা নিয়ে তদন্ত চলেছে। আজ এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, মূল অভিযুক্তদের সকলকেই গ্রেপ্তার করা হয়েছে।

বাইট

উল্লেখ্য, গত ১০'ই ডিসেম্বর ন্যাজাটকান্ডে শেখ শাহজাহান মামলার প্রধান সাক্ষী ভোলানাথ ঘোষ বসিরহাট আদালতে সাক্ষ্য দিতে যাওয়ার সময় বয়ারমারি এলাকার বাসন্তী রোডে তাঁর গাড়িতে ধাক্কা দেয় আলিম মোল্লার ট্রাক। ঘটনাস্থলেই মৃত্যু হয় তার ছোট ছেলে সত্যজিত্ ও গাড়ির চালকের। আহত হন ভোলানাথ ঘোষও। তাঁর অভিযোগ, পরিকল্পিতভাবেই তাঁকে খুনের চক্রান্ত করা হয়েছিল।

----------------------

নিউটাউনের স্বর্ণ ব্যাবসায়ী স্বপন কামিল্যা খুনে অভিযুক্ত রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মনের আগাম জামিন খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ ৭২ ঘণ্টার মধ্যে প্রশান্ত বর্মণকে বিধাননগর অ্যাডিশ্যানাল জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের কাছে আত্মসমর্পণ করতে বলেছেন।

বারাসাত আদালত গত ২৬ শে নভেম্বর বিডিও-কে যে আগাম জামিন মঞ্জুর করেছিল, তা খারিজ করে দিয়ে বিচারপতি বলেছেন, খুনের ঘটনায় জামিন বা আগাম জামিন দেওয়ার ক্ষেত্রে নিম্ন আদালতকে যেসমস্ত বিষয় দেখতে হয়, তার কোনোটাই বিধাননগর আদালত দেখেনি। গুরুত্বপূর্ণ তথ্য প্রমাণ অস্বীকার করে ঐ জামিন মঞ্জুর করা হয়। তাই এই নির্দেশ খারিজ করা হল।

উল্লেখ্য, বারাসাত আদালতের জামিনের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে পুলিশের পক্ষ থেকে হাইকোর্টে আবেদন করা হয়। তার প্রেক্ষিতেই আদালতের এই নির্দেশ।

এদিকে, ভাটপাড়ার বিজেপি নেতা অর্জুন সিংকে টিটাগড়ে গুলি চালানোর ঘটনায় আগাম জামিনের আবেদন মঞ্জুর করেছে হাইকোর্ট। বিচারপতি জয় সেনগুপ্ত শর্ত সাপেক্ষে এই আবেদন মঞ্জুর করেন। তবে অর্জুন সিংকে তদন্তে সহযোগিতা করতে বলা হয়েছে এবং তদন্তকারী আধিকারিক প্রয়োজনে তাকে ডাকলে দেখা করতে হবে।

উল্লেখ্য, টিটাগড়ে গুলি চালনা ও বোমাবাজির ঘটনায় পুলিশ অর্জুন সিংহের বিরুদ্ধে অভিযোগ দায়ের করে। কিন্তু তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতীরা জড়িত বলে পাল্টা অভিযোগ করে বিজেপির নেতা হাইকোর্টে আগাম জামিনের আবেদন জানান।

---------------------

মুর্শিদাবাদের সামশেরগঞ্জে সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনের সময় হিংসার জেরে নিহত বাবা ও ছেলে হরগোবিন্দ দাস ও চন্দন দাসের খুনের ঘটনায় ১৩ জনকে দোষী সাব্যস্ত করেছে জঙ্গীপুর মহকুমা আদালত। আগামীকাল সাজা ঘোষণা করবেন বিচারক। গত ৬ ই জুন চার্জশিট পেশ হয়।

উল্লেখ্য, চলতি বছর ৯'ই এপ্রিল থেকে সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে উত্তাল হয়ে ওঠে জঙ্গীপুর, সুতি ও সামশেরগঞ্জের বিভিন্ন এলাকা। ভাঙচুর, লুঠপাট, অগ্নিসংযোগের পাশাপাশি গুলি চলার ঘটনা'ও ঘটে। পুড়িয়ে দেওয়া হয় পুলিশের গাড়ি। ১২'ই এপ্রিল সামশেরগঞ্জের জাফরাবাদে বাড়ি থেকে টেনে এনে কুপিয়ে খুন করা হয় হরগোবিন্দ দাস ও তার ছেলে চন্দনকে।

---------------------

নদিয়ার চাপড়া থানার হাঁটরা গ্রামে গত ১৭ ডিসেম্বর গুলি চালনার ঘটনায় মূল অভিযুক্ত কে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃতের নাম ঔরঙ্গজেব মল্লিক ওরফে লম্বু।

পুলিশ জানিয়েছে, ব্যবসায়ের পাওনা টাকা আদায়ের জন্যে নুর ইয়াসিন মণ্ডল বন্ধুকে সঙ্গে নিয়ে ঔরঙ্গজেব মল্লিকের কাছে গেলে অভিযুক্ত ও তার সঙ্গীরা হামলা চালায়।

হামলায় নুর ইয়াসিন মণ্ডল গুলিবিদ্ধ হয়ে গুরুতর আহত হন। তার অভিযোগের ভিত্তিতে মামলা রুজু হয় চাপড়া থানায়। পুলিশ ঘটনাস্থল থেকে দু'টি খালি কার্তুজ উদ্ধার করে । প্রথমে দু'জন অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়। তাদের জিজ্ঞাসাবাদের সূত্র ধরে মূল অভিযুক্তকে গ্রেপ্তার করা হোল।

---------------------

সাসপেন্ড হওয়া বিতর্কিত তৃণমূল কংগ্রেস বিধায়ক হুমায়ুন কবীর, 'জনতা উনয়ন পার্টি' নামে একটি নতুন রাজনৈতিক দল গঠনের কথা ঘোষণা করেছেন। মুর্শিদাবাদের বেলডাঙার খাগরুপাড়া মোড়ে এক জনসভায় হুমায়ুন কবীর, আসন্ন বিধানসভা নির্বাচনে একাধিক কেন্দ্রে তাঁর দলের প্রার্থীদের নাম'ও ঘোষণা করেন। রেজিনগর ও বেলডাঙা - এই দুটি আসনে তিনি নিজেই প্রতিদ্বন্দ্বিতা করবেন বলে হুমায়ুন জানান।

এদিকে, বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য হুমায়ুন কবীরের এই নতুন দল গঠনের বিষয়টিকে কটাক্ষ করে বলেছেন, এই নতুন দলটি আদতে তৃণমূল কংগ্রেসের বি-টিম

(বাইট- শমীক)

অন্যদিকে কংগ্রেস নেতা অধীর রঞ্জন অধীর চৌধুরী বলেছেন, নতুন এই দলগঠনের উদ্দেশ্য নিয়ে সন্দেহের অবকাশ রয়েছে।

(বাইট- অধীর)

---------------------

প্রাথমিক শিক্ষা উন্নয়ন পর্ষদ, চতুর্থ শ্রেণীর ছাত্র-ছাত্রীদের এবছরের বৃত্তি পরীক্ষার ফল আজ ঘোষণা করেছে। ৪০০ নম্বরের মধ্যে ৩৯৫ পেয়ে প্রথম স্থান অধিকার করেছে বীরভূম জেলার সরোজিনী দেবী শিশু শিক্ষা মন্দিরের ছাত্র ত্রিরঞ্জন চ্যাটার্জী। পশ্চিম মেদিনীপুরের সরস্বতী শিশু বিদ্যামন্দিরের ছাত্রী স্মৃতিজা দে ৩৯২ নম্বর পেয় দ্বিতীয় এবং নদীয়ার কল্যাণীর রবি তীর্থ বিদ্যালয়ের ছাত্র অদ্রি মিত্র ৩৯১ পেয়ে তৃতীয় স্থান অধিকার করেছে। এ বছরেও মোট ৮০০ জনকে বৃত্তি প্রদান করা হচ্ছে। এদের মধ্যে ১২৫ জনকে বার্ষিক ১২০০ টাকা করে রাজ্য স্তরের বৃত্তি এবং বাকিদের ৬০০ টাকা করে জেলাস্তরের বৃত্তি দেওয়া হবে।

---------------------

উত্তুরে বাতাসের প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে তাপমাত্রা নিম্নমুখী। সবথেকে কম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে, বর্ধমানে - ১০ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের তুলনায় যা ২ দশমিক ৭ ডিগ্রি কম। এই জেলাতে এখনো পর্যন্ত শীতের মরশুমে এটিই সর্বনিম্ন।

অন্যদিকে উত্তরবঙ্গে আলিপুরদুয়ার জেলায় নূন্যতম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৯ ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং আজ সকালে তাপমাত্রা ছিল ৪ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২২ দসমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ৩ দশমিক ২ ডিগ্রি কম। সকালে সর্বনিম্ন অবশ্য ছিল ১৫ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিক থেকে সামান্য বেশি।

রাজ্যের প্রায় সব জেলাতেই আগামী দুদিন রাত্রিকালীন ন্যূনতম তাপমাত্রার উল্লেখযোগ্য পরিবর্তন হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। তবে বড়দিন থেকেই প্রায় সব জেলাতেই দু থেকে তিন ডিগ্রি পর্যন্ত তাপমাত্রা হ্রাস পেতে পারে।

---------------------- ----------------------